1000 Rs.

INDIA NON JUDICIAL

१००० रु. Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हज़ार रुपये ONE THOUSAND RUPEES

Admissible under Regn. Rule 21 duly stamped ~~(or exempt from or dose not require stamp duty)~~ under the Indian Stamp Act. 1899 as amended in 1976. Schedule 1A No 58A ~~Process fee Rs.~~ Paid in c/s. fee Paid

A 319.00

ADDL. DISTRICT SUB-REGISTRAR, ALIPORE, SOUTH 24-PARGANAS.

14.8.90

## -: পারিবারিক নিরূপণ পত্র দলিল :-

**নিরূপণপত্র গ্রহিতা :-**

শ্রী সুশীল কুমার মুখার্জী,

পিতা মৃত - প্রফুল্ল কুমার মুখার্জী,

ওরফে বটু কৃষ্ণ মুখার্জী,

জাতি - হিন্দু, পেশা - চাকুরী,

সাং - ২৮বি, মহিম হালদার ষ্ট্রীট,

থানা - ভবানীপুর, কলিকাতা - ২৬।।

**নিরূপণপত্র দাতা :-**

শ্রী সুশীল কুমার মুখার্জী,

পিতা মৃত - প্রফুল্ল কুমার মুখার্জী,

ওরফে বটু কৃষ্ণ মুখার্জী,

জাতি - হিন্দু, পেশা - চাকুরী,

সাং - ২৮বি, মহিম হালদার ষ্ট্রীট,

থানা - ভবানীপুর, কলিকাতা - ২৬।।

1000RS

1000/-

359 8/8/90

Sushil Kr. Mukherjee
28 B. Mohim Halder
Cal-26

আলিপুর পুলিশ কোর্ট

11-20


359 to 362.
Rs 1000/-
75×2= 150/-
50
Rs. 1200/-

শ্রী সুশীল কুমার মুখার্জী

Presented for registration at 11-20 A.m. on the 14th day of August 1990 at the Alipore Additional Dist. Sub Registry Office by Sushil Kumar Mukherjee executant/one of the executants/claimant.

Sushil Kumar Mukherjee
S/o Lt. Profulla Kr. Mukherjee
of 28/B. Mohim Halder St
Thana Bhowanipur
Dist Cal 26
by caste Hindu/Muslim
by Profession Service

ADDL. DISTRICT SUB-REGISTRAR
ALIPORE, SOUTH 24-PARGANAS
14.8.90



3110

শ্রী সুশীল কুমার মুখার্জী

Sudhangshu Kr. Mukherjee
S/o Late Krishna Mohan Mukherjee
of 50/B. Haldarpara Rd.
Thana
Dist Cal 26
by caste Hindu/Muslim
by Profession Retired

ADDL. DISTRICT SUB-REGISTRAR
ALIPORE, SOUTH 24-PARGANAS
14.8.90

168

75 Rs.

পচত্তর রুপয়ে

সত্যমেব জয়তে

ভারত

INDIA

৭৫রু. SEVENTY FIVE RUPEES 75Rs

( ২ )

কস্য পারিবারিক নিরূপণ পত্র বা ফেমিলী সেটেলমেন্ট দলিল পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

জেলা - দক্ষিণ ২৪ পরগণা , থানা - ভবাণীপুর , সাবরেজিষ্ট্রী অফিস - আলিপুর ডিহি ৫৫ গ্রাম সওঅশত , পরগণা খাসপুর , মৌজা- কালিঘাট গ্রামে অধুনা কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের অন্তর্গত ৮৩ নং ওয়ার্ড ভুক্ত যান ২৮।১, ২৮বি ও ২৮সি , নং মহিম হালদার ষ্ট্রীট প্রেমিসেস্ ভুক্ত কমবেশ ৪ চার কাঠা ১৩ তের ছটাক ৪ চার বর্গফুট জমি সায় তদুপরিস্থিত পাকাজীর্ণ একতলা বাটী সায় সাজপাট আকর আওলাতাদি ও চলাচলের রাস্তার ইজমেন্ট স্বত্ব সহ সম্পত্তি আমার পিতা ঠাকুর অধুনা মৃত- প্রফুল্ল কুমার মুখার্জ্জী ওরফে বটকৃষ্ণ মুখার্জ্জীর স্বত্ব দখলীয় ও নিব্যূঢ় স্বত্বীয় সম্পত্তি থাকে ।

75/-

360 8/8/90
Sushil Kr Mukherjee
28 B- Mahim Halder St

আলিপুর পুলিশ কোর্ট

SEVENTY FIVE RUPEES

The Seal of the Additional District Sub-Registrar of Alipore (S) 24-Pgs.

ADDL. DISTRICT SUB-REGISTRAR,
ALIPORE, SOUTH 24-PARGANAS.

14.8.90

169

75 Rs.

पचहत्तर रुपये

सत्यमेव जयते

भारत

INDIA

७५रू. 75 Rs.

SEVENTY FIVE RUPEES

( ৩ )

তিনি গত ইংরাজী ১৮।৮।১৯৪৮ সালে আমাদের পিতা পরলোক গমন করিলে তৎত্যাক্ত সকল সম্পত্তি তত্র দাতা আমি ও আমার জ্যেষ্ঠ ভ্রাতা সুনীলকুমার মুখার্জী ও আমাদের কনিষ্ঠ ভ্রাতা সুবোধ চন্দ্র মুখার্জী , আমরা ৩ ভ্রাতা পিতার ত্যাক্ত সম্পত্তি ওয়ারেশ সূত্রে প্রাপ্ত হইয়া তাহাতে দখলীকার থাকি ।

এমতাবস্থায় আমাদের কনিষ্ঠ ভ্রাতা উক্ত সুবোধ চন্দ্র মুখার্জী অবিবাহিত অবস্থায় পরলোক গমন করিলে , তাহার ত্যাক্ত $\frac{১}{৩}$ অংশের সম্পত্তি আমি ও আমার জ্যেষ্ঠ ভ্রাতা ওয়ারেশ সূত্রে প্রাপ্ত হইয়া আমরা দুই ভ্রাতা একত্রে ভোগ দখল করিতে থাকি ।

তৎপর আমাদের ২ ভ্রাতার ভোগ-দখলের সুবিধার্থে আমরা আমাদের পিতার ওয়ারেশ সূত্রে প্রাপ্ত সম্পত্তি আপোষ বিভাগ বন্টন নিমিত্ত বিগত ইংরাজী ২৮।১।৮৯ তারিখে মোকাম আলিপুর ডিঃ রেজিষ্ট্রীঅফিসের রেজিষ্ট্রীকৃত ৬৫৩ নং একেতা আপোষ বন্টননামা -

361 8/8/90 75/-
Sushil Kr Mukherjee
28 B Mahim Halder St
Calcutta-26

The Seal of the Addl. District Sub-Registrar of Alipore, 24-Pgs (S)

ADDL. DISTRICT SUB-REGISTRAR
ALIPORE, SOUTH 24-PARGANAS
14.8.90

पचास रूपये

भारत

INDIA

५०रू.　FIFTY RUPEES　50Rs.



দলিল দ্বারা উহা উভয় ভ্রাতা বণ্টন করিয়া লইয়া উভয়ে পৃথক পৃথক চিহ্নিত অংশে দখলীকার আছি ।

প্রকাশ থাকে যে, আমি অত্র নিরূপণ পত্র দাতা উক্ত বণ্টন নামা দলিল দ্বারা ২য় পক্ষ হিসাবে উক্ত বণ্টন নামা দলিলের "গ" তপশীল বর্ণিত ও বণ্টন নামা সাথ গ্রথিত নক্সায় লাল রং এর রেখার দ্বারা চিহ্নিত ২৮ বি, মহিম হালদার স্ট্রীট প্রেমিসেসের সম্পূর্ণ অংশ এবং ২৮।১, মহিম হালদার স্ট্রীটের দক্ষিণ দিকের অর্ধাংশ সহ মোট ১ এক কাঠা ১৩ তের ছটাক ২৭´ সাতাশ বর্গফুট জমি সহ তদুপরিস্থিত একতলা ইমারৎবাটী সহ সাজপাট, পায়খানা, বাথরুম, রান্নাঘর, চাতাল, বারান্দা সহ আমার প্রাপ্ত অংশের পূর্ব দিকের ৮´ফুট চওড়া কমন প্যাসেজের সমস্ত স্বত্ব সহ সম্পত্তি আমি একক ভাবে প্রাপ্ত হইয়া তাহাতে মালিক দখলকার আছি ।

362 8/8/90 9/

Sushil Kr. Mukherjee

28 B. Mahim Halder St

Cal 26

আলিপুর পুলিশ কোর্ট

The Seal of the Additional District Sub-Registrar of Alipore 24-Pgs (S)

ADDL. DISTRICT SUB-REGISTRAR
ALIPORE, SOUTH 24-PARGANAS.

14.8.90

বর্ত্তমানে আমার শরীর ও মনের অবস্থা খুবই খারাপ, কখন যে পরপারের ডাক আসে কেহই বলিতে পারে না, সুতরাং আমার অবর্তমানে আমার উক্ত সম্পত্তি লইয়া যাহাতে ওয়ারিশ গণের মধ্যে কোন প্রকার মামলা মোকর্দ্দমা উপস্থিত না হয় তজ্জন্য আমি উহার একটী ব্যবস্থা পত্র দলিল বা নিরূপণ পত্র দলিল দ্বারা আমার সম্পত্তির সুব্যবস্থা করিলাম।

আমার ঔরসজাত কোন পুত্র কন্যা নাই, উক্ত কারনে আমি গত ইংরাজী - ৬।৫।১৯৭৪ তারিখে শ্রীরামপুর সাবরেজিষ্ট্রী অফিসের রেজিষ্ট্রীকৃত ৪ নং বহির ৪ নং ভল্যুমের ২৩ হইতে ২৬ নং পাতায় লেখা ১৮ নং একক্তো এ্যাডপশন দলিল দ্বারা হুগলী জেলার অধীন চণ্ডিতলা থানার এলাকাধীন কাপাস হাড়িয়া গ্রাম নিবাসী শ্রী গণেশ - চন্দ্র ভৌমিকের কন্যা মুক্তিকে দত্তক নিয়া তাহাকে নিজ কন্যার মত লালন পালন করিয়া আসিতেছি এবং তাহার নাম স্মৃতি মুখার্জ্জী করিয়াছি। আমি ও আমার স্ত্রী তাহাকে খুব স্নেহ করি সেও আমাদের তাহার নিজ পিতা মাতার মত ভক্তি শ্রদ্ধা করে, যদিও সে খুব সুস্থ বা স্বাভাবিক নয়, এমতাবস্থায় আমাদের স্বামী স্ত্রীর অবর্তমানে যাহাতে সে আমার আক্ত সম্পত্তি হইতে বঞ্চিত না হয় তার জন্য এই নিরূপণ পত্র দলিল খানি সম্পাদন ও রেজিষ্ট্রী করিলাম।

প্রকাশ থাকে যে, অত্র নিরূপণ পত্র দাতা আমি যতদিন জীবিত থাকিব ততদিন উক্ত ও নিম্ন তপশীল ভুক্ত সম্পত্তির আয় উপস্বত্ব আমি স্বয়ং ট্রাষ্টী রূপে ভোগ করিব, প্রয়োজনে আমার দরকারে উক্ত সম্পত্তি আমি দান, বিক্রয়, বন্ধক সর্ব্বকার্য্য করিতে পারিব তাহাতে কাহারও কোন ওজরাপত্তি গ্রাহ্য হইবে না।

The seal of the Additional District Sub-Registrar of Alipore (S) 24-Pgs.

ADDL. DISTRICT SUB-REGISTRAR.
ALIPORE, SOUTH 24-PARGANAS.

14-8-90

172



আমার অবর্তমানে আমার উক্ত সম্পত্তি আমার স্ত্রী শ্রীমতী সন্ধ্যা রাণী মুখার্জ্জী এই নিরূপণ পত্র দলিল দ্বারা প্রাপ্ত হইয়া তথা ট্রাষ্টী স্বরূপে মাত্র ভোগ দখল করিবে উহা কোন প্রকার দান, বিক্রয়, বন্ধক করিতে পারিবে না করিলেও তাহা অবৈধ বলিয়া গণ্য হইবে, আমার স্ত্রীর অবর্তমানে উক্ত সম্পত্তি আমার উক্ত দত্তক লওয়া কন্যা কুমারী - স্মৃতি মুখার্জ্জী ট্রাষ্টী হিসাবে উহার আয় উপস্বত্ব ভোগ করিবে তবে দান, বিক্রয়, করিতে পারিবে না, যদি আমার উক্ত কন্যা বিবাহ করে এবং তাহার গর্ভে সন্তান হয় তবে তাহারা আমার উক্ত কন্যার অবর্তমানে উক্ত সম্পত্তির ট্রাষ্টী হইয়া উহা দান, বিক্রয়, বন্ধক সর্ব্বকার্য্য করিতে পারিবে।

বিশেষ ভাবে প্রকাশ থাকে যে, আমি ও আমার স্ত্রীর মৃত্যুর পর, আমার সহজ সরল কন্যা যথা স্মৃতি মুখার্জ্জীকে প্রয়োজনে তাহার পূর্ব্ব ভ্রাত শ্রী সোনাতন ভৌমিক তাহাকে সর্ব্বপ্রকার সাহায্য করিতে পারিবে, তবে সম্পত্তির কোন উপস্বত্ব সে পাইবে না। উক্ত সম্পত্তি সম্পূর্ণ নির্দ্দায় নির্দ্দোষ অবস্থায় আছে, উহা আমি অন্য কাহাকেও ইতি পূর্ব্বে দান, বিক্রয় বা কারও নামে উইল করি নাই সম্পূর্ণ নির্দ্দায় নির্দ্দোষ অবস্থায় এই নিরূপণ পত্র দলিল সম্পাদন করিলাম।

এতদর্থে সুস্থ শরীরে সরলমনে আপন খুশীতে নিজ হিতার্থে স্বেচ্ছায় ও সুজ্ঞানে এত্র নিরূপণ পত্র দলিল খানি পাঠ করিয়া মর্ম্ম সম্যক অবগত হইয়া ও বুঝিয়া এত্র দলিলে সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিলাম। ইতি তাং ইংরাজী ১৯৯০ সালের - ১৪ ই আগষ্ট, মোতাবেক বাংলা ১৩৯৭ সালের - ২৮ শে শ্রাবন,

The seal of the Additional District Sub-Registrar of Alipore & 24-Pgs (S)

ADDL. DISTRICT SUB-REGISTRAR
ALIPORE, SOUTH 24-PARGANAS

14.8.90

173



-: উপরীন সম্পত্তির পরিচয় :-

জেলা - দক্ষিণ ২৪ পরগণা , থানা-ভবানীপুর , সাবরেজিষ্ট্রী আলিপুর , পরগণা - খাসপুর , অত্র জেলা কালেক্টারীর মহাল ১২১৮।২৮৩৩ নং তৌজি ভুক্ত , মৌজা- কালিঘাট গ্রাম যাহা কলিকাতা মিউনিসিপাল কর্পোরেশনের অধীন ৮৩ নং ওয়ার্ডের অধীন ২৮ বি , মহিম হালদার ষ্ট্রীট প্রেমিসেসের সম্পূর্ণ অংশ এবং ২৮।১ , মহিম হালদার ষ্ট্রীটের দক্ষিণাংশের অর্দ্ধাংশ সহ মোট ১ এক কাঠা ১৩ তের ছটাক ২৭ সাতাশ বর্গফুট জমি যায় তদ্ পরিস্থিত একতলা জীর্ণ ইমারৎ বাটী যায় সাওখাট পায়খানা , বাথরুম , চাতাল , জলকল ইত্যাদি ও উক্ত সম্পত্তির পূর্ব্ব দিকের ৮' ফুট চওড়া কমন প্যাসেজের সর্ব্বপ্রকার ইজমেন্ট ও ব্যবহারিক স্বত্ব সহ সম্পত্তি যাহা আমি গত ইংরাজী ২৩।১।৮৯ তারিখে আমার ভ্রাতার সহিত রেজিষ্ট্রীকৃত ৬৫৩ নং বন্টনামা মূলে যে সমস্ত সম্পত্তি প্রাপ্ত হইয়াছি তাহাই অত্র নিরূপণ পত্রের বিষয় ভুক্ত সম্পত্তি বটে । উহার মূল্য আনুমানিক ৩০,০০০ ত্রিশ হাজার টাকা মাত্র ।

শ্রী সুশীল কুমার মুখার্জী

মুসাবিদাকারক :-

শ্রী হিমাংশু সামন্ত

দলিললেখক , লাইসেন্স নং ১৪

আলিপুর , পুলিশকোর্ট ,
কলিকাতা - ২৭ ।

********************

টাইপকারক :-

স্নেহ সমাদ্দার

স্নেহ সমাদ্দার ,

আলিপুর , কলিকাতা - ২৭ ।।

********************

ইসাদী :-

১। প্রভাত কুমার বন্দ্যোপাধ্যায়
১২৭ মহিম মুখার্জি রোড
কলিকাতা - ২৬

২। অর্দ্ধেন্দু চন্দ্র বন্দ্যোপাধ্যায়
৩২, কালিদাস পতিতুন্ডী লেন,
কলিকাতা - ৭০০ ০২৬,

Ref: E.B.W. & CMC Consolidated -rate bill -present Assess.

Book No- I
Volume No- 50
Pages 167 to 179
Being No- 2319
for the year 19 90

The seal of the Additional District Sub-Registrar

ADDL. DISTRICT SUB-REGISTRAR
ALIPORE, SOUTH 24-PARGANAS
14.8.90

The seal of the Additional District Sub-Registrar

ADDL. DISTRICT SUB-REGISTRAR
ALIPORE, SOUTH 24-PARGANAS
6-6-95
21/8/99